

052

### প্রাথমিক শিক্ষক সমিতির (আমীরী) নয়া কমিটি

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (আমীরী) তাদের ২৫ ছফা দাবী বাস্তবায়ন এবং সরকারী কর্মচারীদের জন্য প্রযোজ্য সরকারী চাকরি বিধি সরকারী প্রাথমিক শিক্ষকদের জন্যও প্রয়োগ করার আহবান জানিয়েছে।

শনিবার মীরপুর প্রাথমিক শিক্ষক ভবনে অনুষ্ঠিত সমিতির দ্বিতীয় কার্ভিকুল অধিবেশনের মূলতঃ সভার এ আহবান জানান হয়।

সমিতির চেয়ারম্যান আলহাজ শাহ জাদা নূরুল আলম আমীরী সভায় সভাপতিত্ব করেন। সভায় আলহাজ শাহজাদা নূরুল আলম আমীরীকে চেয়ারম্যান ও জনাব ফজলুর রহমানকে মহাসচিব করে সমিতির ১১ সদস্যের সভাপতিমন্ডলী ও ১১ সদস্য বিশিষ্ট সম্পাদকমন্ডলী পুনঃনির্বাচিত করা হয়। খবর প্রেস বিজ্ঞপিতর।